

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

বাংলাদেশ GAP Standard ইংরেজি ভাষায় অনুবাদ করার লক্ষ্যে গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ আবদুছ ছালাম সদস্য পরিচালক (শস্য) ও আহবায়ক GAP ইউনিট, বিএআরসি।
স্থান	:	সভাকক্ষ-২, বিএআরসি।
তারিখ	:	১৬ সেপ্টেম্বর ২০২৫।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।


সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করে বলেন, বাংলাদেশে GAP বাস্তবায়নে বিএআরসি বাংলাদেশ GAP এর Scheme Owner (SO) হিসেবে বাংলাদেশ GAP Standard বাংলায় প্রণয়ন করেছে। বিশ্ব ব্যাংকের চাহিদার আলোকে চলতি অর্থবছরে বাংলাদেশ GAP Standard ইংরেজি ভাষায় অনুবাদ করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং এ সংক্রান্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি নির্ধারিত সময়ের মধ্যে অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার আশা ব্যক্ত করেন। অতঃপর তিনি ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসিকে অনুবাদ কার্যক্রম শুরুর আহ্বান জানান। ড. হাসান বাংলাদেশ GAP Standard ইংরেজির প্রাথমিক খসড়া সভায় উপস্থাপন করে আলোচনার সূত্রপাত করেন। পরবর্তীতে কমিটির সদস্যগণ খসড়াটির ওপর মতামত ব্যক্ত করেন।

২.০ সিদ্ধান্ত

সভায় অংশগ্রহণকারীদের মধ্যে উন্মুক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ২.১। বাংলায় প্রণয়নকৃত বাংলাদেশ GAP Standard হুবহু ইংরেজি ভাষায় অনুবাদ করা হবে।
- ২.২। বাংলাদেশ GAP Standard এর খসড়া অনুবাদ অংশ কমিটির সদস্য ড. আমজাদ হোসেন, বিশিষ্ট উদ্যানতত্ত্ববিদ ও প্রাক্তন মহাপরিচালক, বিনা ও জনাব মোহাম্মদ সফিউজ্জামান, মুখ্য প্রশিক্ষক, এটিআই, ঢাকা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এডিটিং করে ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসি এর নিকট আগামী ১০ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করবেন।
- ২.৩। নভেম্বর মাসে অনুষ্ঠিত কমিটির ২য় সভায় বাংলাদেশ GAP Standard এর ইংরেজি অনুবাদ সমন্বয় করে উপস্থাপন করা হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ আবদুছ ছালাম

সদস্য পরিচালক (শস্য) ও

আহবায়ক GAP ইউনিট, বিএআরসি